

কালুখালী , রাজবাড়ী ।
গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
কালুখালী ,রাজবাড়ী ।

সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব ডলি পারভিন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, কালুখালী ,বরাজবাড়ী

সভার স্থান : উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ ।

সভার তারিখ : ১২/১১/২০২১ খ্রিঃ,

সময় : সকাল ১০.০০ ঘটিকায় ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট- 'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্য গণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন । অতপর উপজেলা সমাজসেবা অফিসার ও সদস্য সচিব কে কালুখালী উপজেলায় সমাজকল্যাণ বিষয়ক আর্থসামাজিক কার্যক্রম গ্রহণের জন্য নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ।
অতঃপর পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান হয় । কার্য বিবরণী যথাযথ ভাবে লিখিত হয়েছে মর্মে দৃষ্টীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

আলোচ্য সূচীঃ ১ঃ ভিক্ষুক পূর্ণবাসন প্রসঙ্গেঃ-

উপজেলা সমাজসেবা অফিসার অফিসার জানান যে, গত অর্থবছরে সমাজসেবা দপ্তর হতে ০৫(পাঁচ)জন ভিক্ষুককে পূর্ণবাসন লক্ষ্যে ৬৯০০০/- (উনসত্তর হাজার) টাকা অনুদান বিতরণ করা হয়েছিল । এছাড়াও বিভিন্ন ভাতা কার্যক্রমে ৮২ জন পূর্ণবাসন লক্ষ্যে ভাতা প্রদান করা হয়েছে । এফক্ষে সমাজসেবা অধিদপ্তর হতে ২০২০-২১ অর্থবছরে ১২০০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা এবং জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে ২০০০০/- (বিশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে । এলক্ষে তালিকাভুক্ত ভিক্ষুকদের মধ্যে হতে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের মাধ্যমে ১৪(চৌদ্দ) জনের তালিকা পাওয়া গিয়েছে । উক্ত অর্থ হতে ভিক্ষুকদের পূর্ণবাসনের লক্ষ্যে ছাগল পালন স্কীমের বিপরীতে রতনদিয়া ইউনিয়নে ০২(দুই) জন, বোয়ালিয়া ইউনিয়নে ০৩(তিন) জন, মদাপুর ইউনিয়নে ০২(দুই)জন, মাজবাড়ী ইউনিয়নে ০১(এক) জন, সাওরাইল ইউনিয়নে ০২(দুই) জন, মৃগী ইউনিয়নে ০২(দুই)জন, কালিকাপুর ইউনিয়নে ০২(দুই) জনসহ মোট ১৪(চৌদ্দ) জন ভিক্ষুকের মধ্যে ছাগল পালন খাতে প্রতিজনকে ১০০০০/- (দশ হাজার) টাকা হিসাবে সর্বমোট ১৪০০০০ (এক লক্ষ চল্লিশ হাজার) টাকার ছাগল ক্রয় পূর্বক বিতরণের লক্ষ্যে সভায় প্রস্তাব রাখেন । বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় । সিদ্ধান্তঃ সার্বিক আলোচনা ও পর্যালোচনায় ১৪(চৌদ্দ) জনের মধ্যে ১৪০০০০/- (এক লক্ষ চল্লিশ হাজার) টাকা ছাগল ক্রয় পূর্বক বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয় । উক্ত ছাগল ক্রয়ের জন্য সহঃকমিশনার ভূমি, চেয়ারম্যান রতনদিয়া, উপজেলা সমাজসেবা অফিসার এবং ভিক্ষুক উপস্থিত থেকে ন্যায্য মূল্যে ক্রয়ের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় । সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

ডলি পারভিন

(ডলি পারভিন)

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, কালুখালী ।

তারিখঃ ১২/১১/২০২১

স্মারক নং-সমাজসেবা/কালু/২০২১- ১৪৭

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, রাজবাড়ী ।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, রাজবাড়ী ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালুখালী ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, কালুখালী, রাজবাড়ী ।
- ৫। কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কালুখালী উপজেলা কমান্ড, কালুখালী ।
- ৬। চেয়ারম্যান.....ইউপি, কালুখালী, রাজবাড়ী ।

N. J. M.
স্বাক্ষঃ ১২/১১/২১

উপজেলা সমাজসেবা অফিসার কালুখালী,
রাজবাড়ী ।